# এইচআরএমআইয়ের তথ্য সুরক্ষা ও গোপনীয়তা নীতিমালা

আমাদের নাগরিক ও রাজনৈতিক অধিকার বিষয়ক সূচকগুলোর (মেট্রিক্স্) উন্নয়নের অংশ হিসাবে এইচআরএমআই থেকে ব্যক্তিগত ও সংবেদনশীল তথ্য সংগ্রহ করা হয়। নিচের দুই ধরনের তথ্য আলাদা আলাদাভাবে সংরক্ষণ করা হয়ে থাকে:

1. বিশেষজ্ঞ জরিপের সম্ভাব্য অংশগ্রহণকারী ও তাদের মনোনয়নকারীদের নাম ও যোগাযোগের উপায়সহ অন্যান্য ব্যক্তিগত তথ্য।
2. আমাদের বার্ষিক বিশেষজ্ঞ জরিপে অংশগ্রহণকারীদের দেওয়া উত্তর (অজ্ঞাত/বেনামি)।

আমাদের কাছে আপনার সম্পর্কে থাকা যেকোনো ব্যক্তিগত তথ্যের কপি চাওয়া, তথ্যে কোনো ভুল আছে মনে হলে তা সংশোধন করতে বলা, অথবা তথ্য চিরতরে মুছে ফেলার জন্য অনুরোধ করার অধিকার আপনার রয়েছে। যদি আপনি তথ্যের কপি চান, অথবা চান আপনার তথ্য সংশোধন করা কিংবা চিরতরে মুছে ফেলা হোক তাহলে survey@humanrightsmeasurement.org অ্যাড্রেসে আমাদের সাথে যোগাযোগ করুন।

ওপরে উল্লেখ করা তথ্য আমরা কীভাবে নিরাপদে সংরক্ষণ করি তা নিচে বর্ণনা করা হল।

## 1. জরিপে সম্ভাব্য অংশগ্রহণকারীদের নাম ও যোগাযোগের বিস্তারিত

দুই ধাপে এই তথ্য সংগৃহীত হয়। জরিপে অংশগ্রহণের জন্য একটি সুরক্ষিত অনলাইন ফর্মের মাধ্যমে এইচআরএমআই-এর নিযুক্ত প্রতিনিধিদের দ্বারা মানবাধিকারকর্মীরা মনোনীত হতে পারেন। এই প্রতিনিধিরা হলেন আমাদের স্থানীয় অংশীদার, আমাদের বিশ্বস্ত অংশীদার সংস্থাগুলোর কর্মী, এবং কিছু ক্ষেত্রে বিদ্যমান জরিপে অংশগ্রহণকারী ব্যক্তিরা। এর পরে মনোনীতে ব্যক্তিদের নিকট জানতে চাওয়া হয় তারা জরিপে অংশ নিতে ইচ্ছুক কি না। সম্মত হলে একটি নিরাপদ অনলাইন সম্মতি ফরমের মাধ্যমে তাঁরা নিজেদের নাম ও ইমেইল অ্যাড্রেস প্রদান করেন। আমাদের নিরাপত্তা পলিসির মূল বৈশিষ্ট্যসমূহ :

- সকল অনলাইন ফরম এইচআরএমআই ওয়েবসাইটে হোস্টেড। এই ওয়েবসাইটের এসএসএল সার্টিফিকেট আছে এবং এটি এইচটিটিপিএস দ্বারা সুরক্ষিত। এর অর্থ হলো ট্রানজিটের সময় তথ্য নিরাপদ (এনক্রিপটেড) থাকে।
- সম্মতিপত্রের মাধ্যমে পাঠানো নাম ও ইমেইল সরাসরি আমাদের এনক্রিপ্টেড ক্লায়েন্ট রিলেশনশীপ ম্যানেজমেন্ট (সিআরএম) সফটওয়্যারে চলে যায়। আমাদের ক্লাউড-বেজড সিআরএম আইএসও ২৭০০১, ২৭০১৭ এবং ২৭০১৮ সহ সকল প্রাসঙ্গিক আইএসও সনদপ্রাপ্ত। এটা নিশ্চিত করে যে সব তথ্য এনক্রিপটেড অবস্থায় সংগৃহীত, পরিচালিত, এবং রক্ষণাবেক্ষণ করা হয়। সিআরএম-এর অ্যাক্সেস নিউজিল্যান্ডে কর্মরত এইচআরএমআই-এর অল্প সংখ্যক কর্মীর মাঝে সীমাবদ্ধ।
- এইচআরএমআই এই তথ্য সম্ভাব্য প্রত্যেক অংশগ্রহণকারীর নিকট তাদের অনলাইন বিশেষজ্ঞ জরিপের লিংক পাঠাতে ব্যবহার করে।
- যেসকল ব্যক্তি জরিপে অন্তর্ভুক্তির জন্য মনোনীত হয়েছেন কিন্তু সম্মতি ফরম পূরণ করেননি, সেসব ব্যক্তিদের নাম সিআরএম ডাটাবেজে সংযুক্ত করা হয় না, এবং মনোনয়নের সব বিস্তারিত প্রতি বছর জরিপের তথ্য প্রকাশের পর মুছে ফেলা হয়।

## 2. জরিপের উত্তর

সকল অনলাইন ফরম কোয়ালিট্রিক্স ওয়েবসাইটে হোস্টেড। এই ওয়েবসাটের একটি এসএসএল সার্টিফিকেট আছে এবং এটি এইচটিটিপিএস দ্বারা সুরক্ষিত। এর অর্থ হলো সকল তথ্য ও এর সঞ্চালন এনক্রিপ্টেড। আইপি অ্যাড্রেস সংরক্ষণ করা হয় *না*। কোয়ালিট্রিক্স রেসপন্স ডেটার অ্যাক্সেস জর্জিয়া বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর গ্লোবাল ইস্যুজ (GLOBIS)-এ কর্মরত এইচআরএমআই এর অল্প কয়েকজন কর্মচারীর মাঝে সীমাবদ্ধ।

জরিপে অংশগ্রহণকারীদের সম্ভাব্য মূল ঝুঁকি হলো, তাদের ইমেইল হ্যাক হয়ে থাকলে অথবা তারা নজরদারির অধীনে থাকলে বিরোধীপক্ষ জেনে যাবে যে অংশগ্রহণকারীরা এইচআরএমআই-এর সাথে যোগাযোগ করছেন এবং তারা জেনে যেতে পারে এর মাধ্যমে তারা (অংশগ্রহণকারী) *সম্ভবত* আমাদের নাগরিক ও রাজনৈতিক অধিকার মেট্রিক্সে অবদান রাখছেন।[1] কিন্তু এটা আশা করা যায় যে জরিপে প্রদত্ত তথ্য তারা দেখতে পারবে না। এর ব্যত্যয় তখনই ঘটতে পারে যদি অংশগ্রহণকারী নজরদারিতে থাকেন। উদাহরণস্বরূপ কী-লগিং (কম্পিউটারের মাধ্যমে তথ্য ও পাসওয়ার্ড চুরি করা) এর কথা বলা যেতে পারে, এর মাধ্যমে জরিপে অংশগ্রহণকারীদের তথ্যের নিরাপত্তা বিঘ্নিত হওয়ার সম্ভাবনা থাকে। যদি এটি দুশ্চিন্তার কারণ হয়ে থাকে, আমরা অংশগ্রহণকারীদের দৃঢ়ভাবে অনুরোধ জানাই, অনলাইন নজরদারি থেকে নিজেদের নিরাপদ রাখতে তারা যেন অন্যান্য সকল নির্দেশনা (আমাদের ওয়েবসাইটে দেখা যাবে) অনুসরণ করেন এবং একটি বিশ্বস্ত, ব্যক্তিগত ডিভাইসের মাধ্যমে জরিপের উত্তর প্রদান করেন যেটা অন্য কেউ ব্যবহার করে না এবং যেটার ওপর অংশগ্রহণকারীর পূর্ণ নিয়ন্ত্রন আছে।

এইচআরএমআই Qualtrics-এর মাধ্যমে জরিপের যে উত্তর পায় সেগুলো ব্যক্তি-নির্দিষ্ট নয়, যেমন জরিপের উত্তরের সাথে আমরা অংশগ্রহণকারীকে মিলিয়ে দেখি না। তবে কিছু গুণগত উত্তর থাকতে পারে যেগুলো দ্বারা সম্ভবত কিছু অংশগ্রহণকারীকে সনাক্ত করা যেতে পারে, যদিও এমনটা সচরাচর ঘটে না। তাই আমরা তিন স্তরের তথ্য নিরাপত্তা চিহ্নিত করেছি — ১ (গোপন) থেকে ৩ (উন্মুক্ত)।

- ১ — গোপন : প্রাথমিক বিবরণী ও সংখ্যাগত উত্তর যা কোয়ালিট্রিক্স এর মাধ্যমে ইউজিএ-তে কর্মরত এইচআরএমআই কর্মীদের কাছে যায়। প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর এই তথ্যগুলো কোয়ালিট্রিক্স এর সার্ভার থেকে মুছে ফেলা হয়। যে ব্যক্তিদের নিরাপত্তা প্রশিক্ষণ আছে এবং যারা প্রাসঙ্গিক জরিপ পরিচালনা করছেন শুধুমাত্র তাদের কাছেই এর অ্যাক্সেস থাকবে। অংশগ্রহণকারীকে চিহ্নিত করতে পারে এমন সকল তথ্য ধ্বংস করে ফেলা হয়।
- ২ — **গবেষণা তথ্য** : সম্পূর্ণ অসনাক্তযোগ্য জরিপের উত্তর যা গবেষণা ও এইচআরএমআই মেট্রিক্স গণনার কাজে ব্যবহার করা হয়; সম্পূর্ণরূপে বেনামি বিধায় এগুলোর জন্য বিশেষ কোনও নিরাপত্তা ব্যবস্থার প্রয়োজন হয় না। এই তথ্যগুলো অনলাইনে এইচআরএমআই প্রকাশনার প্রতিলিপিমূলক তথ্য হিসেবে শেয়ার করা হতে পারে।
- ৩ — **উন্মুক্ত** : সমষ্টিগত তথ্য যা এইচআরএমআই মেট্রিক্স হিসেবে এইচআরএমআই রাইটস ট্র্যাকার-এ প্রকাশ করা হয় এবং ওয়েবসাইট থেকে সরাসরি ডাউনলোড করা যায়।

---

[1] এই ঝুঁকি কমাতে, অনলাইন নজরদারি থেকে নিজেকে সুরক্ষিত রাখার বিষয়ে আমরা জরিপে সম্ভাব্য অংশগ্রহণকারীদেরকে তথ্য দিই।